



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস)



১ম অংশীজন সভা ২০২২-২৩ এর কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ ইলিয়াস হোসেন যুগ্মসচিব
সভার তারিখ	২০/১২/২০২২
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	অনলাইন (জুম) প্ল্যাটফর্ম
উপস্থিতি	পরিশিষ্ট ক

১ম অংশীজন সভার কার্যবিবরণী

১. আলোচনা:

সভার শুরুতে সভাপতি, জিএসবি'র আপিল কর্মকর্তা ও মহাপরিচালক (অঃদাঃ) জনাব মোহাম্মদ ইলিয়াস হোসেন সভায় সংযুক্ত সকলকে স্বাগত জানান। পরিচিতি পর্ব শেষে তিনি প্রথমে জিআরএস বিষয়ে এবং জিআরএস -এর উদ্দেশ্য নিয়ে সংক্ষিপ্ত বক্তব্য দেন। তিনি জানান জিএসবি'র সিটিজেন চার্টারে উল্লেখিত যে কোন সেবা দানে ব্যর্থতা, সেবায় বিলম্ব, সেবার মানে অসন্তুষ্ট হয়ে সরকারি সকল প্রতিষ্ঠানের ন্যায় জিএসবি'র যে কোন সেবা গ্রহীতা অনলাইনে বা অফলাইনে অভিযোগ করতে পারেন। স্বল্প সময়ে যে কোন অভিযোগের তদন্ত ও উপযুক্ত ব্যবস্থা নেয়ার ব্যাপারে জিএসবি'র অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) অঙ্গীকারবদ্ধ।

এরপর সভাপতি মহোদয় জিএসবি'র অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) জনাব আক্তারুল আহসান, উপ-পরিচালক (ভূতত্ত্ব)-কে জিএসবি'র হালনাগাদ তথ্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান। জনাব আক্তারুল আহসান ২০২২-২৩ সময়ে জিএসবি'র জিআরএস বিষয়ে সাম্প্রতিক অর্জন সম্পর্কে সকলকে বিস্তারিত অবগত করেন।

জনাব আক্তারুল আহসান জিএসবি হতে সেবা পেতে কোন সমস্যা হচ্ছে কিনা এ বিষয়ে অনলাইনে সংযুক্ত সেবাগ্রহীতা/অংশীজনদের মতামত জানতে চান। সভার সকলেই জানান জিএসবি'র সেবা বিষয়ে কারো কোন অভিযোগ বা পরামর্শ নেই এবং সকলেই সেবায় সন্তুষ্ট।

জনাব আক্তারুল আহসান সভার সকলের উদ্দেশ্যে বলেন, যেহেতু জিএসবি'র সেবা বিষয়ে সেবা গ্রহীতাদের কোন আপত্তি নেই এবং অংশীজনদের সেবা প্রদানের ব্যাপারেও জিএসবি'র কোন আপত্তি নেই, এতে প্রতীয়মান হয় অংশীজন/সেবা গ্রহীতাদের পারস্পরিক সম্পর্ক সন্তোষজনক।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে অনিক সভার সমাপ্তি ঘোষণা করেন।

২. সিদ্ধান্ত:

২.১। উপস্থিত অংশীজনদের আন্তরিক, দ্রুত সেবা প্রদান ও সহযোগিতা অব্যাহত থাকবে।

২.২। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (জিআরএস) বিষয়ে সকলে সকলের প্রাপ্ত অভিযোগের অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে এ প্ল্যাটফর্মকে আরও শক্তিশালী ও জনগণের জন্য সহজ-সময় উপযোগী করার ব্যাপারে অংশীজনদের সক্রিয় প্রচেষ্টা অব্যাহত থাকবে।

মোহাম্মদ ইলিয়াস হোসেন
যুগ্মসচিব

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.২০০.২৭.০০১.২১.১

তারিখ: ১৮ পৌষ ১৪২৯
০২ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
- ২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
- ৩) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
- ৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
- ৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), হাইড্রোকার্বন ইউনিট
- ৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
- ৭) পরিচালক (ভূতত্ত্ব), অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৮) পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ৯) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১০) উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, অপারেশন ও সমন্বয় শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১১) সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-১, নগর ও প্রকৌশল ভূতত্ত্ব শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
- ১২) সহকারী বিস্ফোরক পরিদর্শক, ঢাকা, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ১৪) অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর

আত্তারুল আহসান
উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১